

## বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত "সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫"-এর গত ০৫.১১.২০২৫ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-২০৭ নম্বর ও ১২.১১.২০২৫ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০২৪.২৫-২১৫ নম্বর স্মারকে জারিকৃত বিজ্ঞাপনের আলোকে ৬১ জেলায় (পার্বত্য ০৩ জেলা ব্যতীত) ০৯ জানুয়ারি ২০২৬ তারিখে একযোগে লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়। গৃহীত লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সর্বমোট ৬৯,২৬৫ (উনসত্তর হাজার দুইশত পয়ষট্টি) জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়েছে:

- ক. এ ফলাফল সাময়িক ফলাফল হিসেবে গণ্য হবে। এ ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীগণ কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এ ফলাফল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত "সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫"-এর কোন শূন্য পদে নিয়োগের জন্য কোন নিশ্চয়তা প্রদান করে না।
- খ. প্রকাশিত ফলাফলের যে কোন পর্যায়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি/ত্রুটি-বিচ্যুতি/মুদ্রণজনিত ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন করার বা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ফলাফল বাতিল করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- গ. কোন প্রার্থী ইচ্ছাকৃত কোন ভুল তথ্য প্রদান করলে কিংবা কোন তথ্য গোপন করেছেন মর্মে প্রতীয়মান/প্রমাণিত হলে কর্তৃপক্ষ তার ফলাফল বা নির্বাচন বাতিল করতে পারবে।
- ঘ. প্রার্থীদের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে 'সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫' অনুসরণপূর্বক নিয়োগের জন্য চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হবে।
- ঙ. মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- চ. মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর ক্রমানুসারে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (<https://mopme.gov.bd>) ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (<https://dpe.gov.bd>)-এ পাওয়া যাবে।

  
(আবু নূর মো: শীমসুজ্জামান)  
মহাপরিচালক  
০২-৫৫০৭৪৭৭৭

[dgprimarybd@gmail.com](mailto:dgprimarybd@gmail.com)